




শিশু শ্রমিক তীতিমালা
(Child Labor Policy)

Prepared by	HR, Admin & Compliance Department		
Approved by	General Manager	HR.Admin &Complian	15-May-2015
Effective From	January'2011		
Last Update	Dec 31'2016		
Total Pages	1 to 3		


LT Col. AKM Zahid Hussain Retd
General Manager
HR Admin & Compliance
The Rose Dresses Ltd

Documentation

RECORDINGS

- ✦ Photographic Evidence
- ✦ Reference Records
- ✦ Records will preserve for 12 months
- ✦ Communication details (if any)
- ✦ Training Records





Equally Applicable Following Member Units

Member Units

- ☞ Islam Garments Ltd. (Unit-1)
- ☞ Islam Garments Ltd. (Unit-2)
- ☞ Islam Garments Ltd. (Knitwear Division)
- ☞ Islam Garments Ltd. (Textile Division)
- ☞ Islam Garments Ltd. (Weaving Unit)
- ☞ Islam Garments Ltd. (Woven Dyeing)
- ☞ Islam Garments Ltd. (Knit Dyeing)
- ☞ Islam Garments Ltd. (Washing Unit)
- ☞ The Sterling Rinse Effects Ltd. (Washing Unit)
- ☞ Islam Garments Ltd. (Printing Unit)
- ☞ Islam Garments Ltd. (Embroidery Unit)
- ☞ The Silver Garments (BD) Ltd.
- ☞ Islam Dresses Ltd.
- ☞ Islam Fashion & Design Ltd.
- ☞ Qayium Garments
- ☞ The Rose Dresses Ltd.
- ☞ Euro Jeans Ltd.
- ☞ Islam Carton & Accessories Solutions Ltd.





শিশু শ্রম পরিহার ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা

উদ্দেশ্য :

কারখানায় কোন ক্রমেই শিশু শ্রমিক নিয়োগ করে না। শিশু বলতে যে সকল শ্রমিকের বয়স ১৪ বৎসর পূর্ণ হয় নাই তাদের বুঝায়। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করা হয়ে থাকে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে ন্যূনতম বয়স সীমা ১৮ বৎসর এবং যে সকল শ্রমিকদের বয়স ১৮ বৎসর পূর্ণ হয় নাই কিন্তু ১৪ বৎসর পূর্ণ হয়েছে তাদের শ্রম আইন কর্তৃক নির্দেশিত কর্মঘণ্টা ও নিরাপত্তা বিষয়ক বিশেষ সুরক্ষা নিশ্চিত সাপেক্ষে নিয়োগ করা যেতে পারে।

আমাদের শিশু শ্রম পরিহার ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা নিম্নরূপ :

কারখানায় শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করে থাকে। অর্থাৎ ১৪ বৎসরের কম বয়সের কোন শ্রমিক নিয়োগ করা হয় না। যদি কোন নিয়োগ প্রাপ্ত শ্রমিকের বয়স সন্দেহ জনক মনে হয় তবে রেজিষ্টার্ড ডাক্তারের পরীক্ষার রিপোর্ট এর ভিত্তিতে তা সঠিকভাবে নিরূপন করা হয়। শ্রমিকের বয়স ১৪ বছর থেকে ১৮ বছরের কম হলে সে কিশোর শ্রমিক হিসাবে গন্য হবে এবং উক্ত শ্রমিকের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা গ্রহণ করা হবে।

- ১) কিশোর শ্রমিক দিয়ে কারখানায় প্রতিদিন ৫ ঘণ্টার বেশী কাজ করানো যাবে না।
- ২) কিশোর শ্রমিকদের কখনও সন্ধ্যা ৭ টা থেকে ভোর ৭ টা পর্যন্ত সময়ের মধ্যে কাজ করানো হবে না।
- ৩) স্থানীয় ইন্সপেক্টর কর্তৃক তার শারীরিক যোগ্যতা বা সক্ষমতার প্রত্যয়ন পত্র গ্রহণ করা হবে।
- ৪) কাজে নিয়োজিত থাকার সময় উক্ত শ্রমিকদের সংশ্লিষ্ট উপরোক্ত প্রত্যয়ন পত্রের স্মারক টোকেন এর ব্যবস্থা করা হবে।
- ৫) শ্রমিকের পিতা মাতার লিখিত সম্মতিপত্র গ্রহণ করা হবে।
- ৬) কিশোর শ্রমিক নিয়োগ হলে তাদের ক্ষেত্রে পৃথক রেজিষ্টার সংরক্ষণ করা হবে।
- ৭) কিশোর শ্রমিককে কোন ঝুঁকিপূর্ণ বা চলমান মেশিনে কাজ করতে দেয়া হবে না।
- ৮) প্রতি ১৫ কর্মদিবসে ১দিন অর্জিত ছুটি হিসাবে গন্য করা হবে।
- ৯) কিশোর শ্রমিকের বেলায় দেশের প্রচলিত বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর বিধানসমূহ সঠিকভাবে অনুসরণ করা হবে।

শিশু শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কারখানায় এর বিশেষ নির্দেশনা :- যদি অত্র কোম্পানীতে ভুলক্রমে শিশু শ্রমিক নিয়োগ প্রাপ্ত হয়ে যায় সেক্ষেত্রে ঐ শিশু শ্রমিককে তাৎক্ষণিকভাবে চাকুরী হতে অব্যাহতি দিয়ে তার পিতামাতার কিংবা বৈধ অভিভাবকের নিকট পাঠিয়ে দেয়া হয় এবং শিশুটি কিশোরে পরিণত না হওয়া পর্যন্ত তা শিক্ষার যাবতীয় ব্যয়ভার কোম্পানী কর্তৃক বহন করা হবে এবং শিশু শ্রমিকটির পরিবারে যদি প্রাপ্ত বয়স্ক কোন কর্মক্ষম ব্যক্তি থাকে তবে তার চাকুরীর সংস্থান করবে। এতদসংক্রান্ত যাবতীয় পদক্ষেপ যথাযথ নথিভুক্ত করা হয়।

